

উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : একি মিত্র চাকমা উপজেলা নির্বাহী অফিসার, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।


সভার তারিখ ও সময় : ৩০/১০/২০২৩ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিতি : সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'তে দ্রষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সম্মানিত সকল সদস্য কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সভাপতি কমিটির সদস্য সচিব কে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। অতঃপর নিম্নোক্ত বিষয়ে ক্রমানুযায়ী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১। সার মনিটরিং জোরদারকরণ প্রসঙ্গে	সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, ডিলারগণ যাতে সময়মত সার উত্তোলন করে দ্রুত আগমনী বার্তা জমা প্রদান করে সে বিষয়ে আরও তৎপর হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।	সার মনিটরিং কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপজেলা কৃষি অফিসার
২। বর্তমান সরকার নির্ধারিত সারের মূল্য তালিকা দৃশ্যমান স্থানে টানানো	উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, ১ আগস্ট/২০২২ খ্রি. তারিখ হতে সরকার ইউরিয়া সারের দাম কেজিপ্রতি ৬/টাকা বৃদ্ধি করে খুচরা মূল্য ২২/ টাকা নির্ধারণ করেছে। এ সুযোগে কিছু অসাধু ব্যবসায়ী অধিক মূল্যে সার বিক্রয় করার পায়তারা করেছে। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়।	১। সকল প্রতিষ্ঠানে সারের মূল্য তালিকা প্রদর্শন করতে হবে। ২। মূল্য তালিকা না থাকলে এবং নির্ধারিত মূল্যের চেয়ে বেশি দামে সার বিক্রয় করলে জোক্তা অধিকার আইন-২০০৯ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ৩। নিয়মিত বাজার মনিটরিং করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপজেলা কৃষি অফিসার
৩। মজুদ রেজিস্টার, বিক্রয় রেজিস্টার ও ক্যাশমেমো হালনাগাদ করণ।	উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, দোকান পরিদর্শনকালে দেখা যায় যে অধিকাংশ দোকানে মজুদ রেজিস্টার, বিক্রয় রেজিস্টার ও ক্যাশমেমো হালনাগাদ করা হয় নাই। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়।	দোকানে মজুদ রেজিস্টার, বিক্রয় রেজিস্টার ও ক্যাশমেমো হালনাগাদ করতে হবে, অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপজেলা কৃষি অফিসার
৪। মানিকপুর ইউনিয়নে খুচরা সার বিক্রয়/ডিলার নিয়োগ সংক্রান্ত	উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন যে, সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত নীতিমালা ২০০৯ অনুযায়ী প্রতি ইউনিয়নে ৯জন খুচরা সার বিক্রয়তা থাকার কথা তন্মধ্যে মানিকপুর ইউনিয়নে ৬ জন খুচরা সার বিক্রয়তা আছেন। এমতাবস্থায় ০১ জন ব্যবসায়ী জনাব হযরত, পিতা মৃত আরু মিয়া, গ্রাম+পো: বাহেরচর, ইউনিয়ন: মানিকপুর, উপজেলা: বাঞ্ছারামপুর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া। তার আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট ইউনিয়নের বাছাই কমিটি কর্তৃক সুপারিশসহ উপজেলা সার বীজ মনিটরিং কমিটি বরাবর প্রেরণ করেন। আবেদনকারী জামানতের ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা ব্যাংকে জামানত রাখা ও চুক্তি সম্পাদন করতে সম্মত আছেন।	বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট ইউনিয়ন সার বীজ মনিটরিং কমিটির সুপারিশের প্রেক্ষিতে এবং কৃষকদের কথা বিবেচনা করে। জনাব হযরত, পিতা মৃত আরু মিয়া, গ্রাম+পো: বাহেরচর এর বিক্রয় কেন্দ্র ও অন্যান্য তথ্যাবলি তদন্তের মাধ্যমে যাচাই-বাচাইয়াতে জনাব হযরত পিতা মৃত আরু মিয়া গ্রাম+পো: বাহেরচর উপজেলা: বাঞ্ছারামপুর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া কে খুচরা সার বিক্রয়তা হিসেবে নিয়োগ দেওয়ার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপজেলা কৃষি অফিসার
৫। প্রত্যেক ডিলারের দোকানে জৈব সার কর্ণার খোলা প্রসঙ্গে।	মাটির স্বাস্থ্য সুরক্ষায় জৈব সারের প্রয়োজনীয়তা অনস্বীকার্য অতএব কোম্পানীর পাশাপাশি স্থানীয়ভাবে উৎপাদিত জৈব সার কর্ণার খোলা ও বিক্রয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	বিভিন্ন কোম্পানীর জৈব সার ছাড়াও স্থানীয় কৃষকদের উৎপাদিত জৈবসার প্রত্যেক দোকানে বাধ্যতামূলক ভাবে বিক্রয় করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপজেলা কৃষি অফিসার
৬। বিবিধ: চাহিদা অনুযায়ী সারের বরাদ্দ না পাওয়ার প্রসঙ্গে	বিএফএ সভাপতি জনাব মো: হুমায়ুন কবির সভাকে জানান যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার অন্যান্য উপজেলার তুলনায় বাঞ্ছারামপুরে সারের বরাদ্দ কম হয়। আসন্ন রবি মৌসুমে সারের বরাদ্দ চাহিদা মোতাবেক বারানো না হলে ফসল উৎপাদনে বিরূপ প্রভাব পড়বে।	বিস্তারিত আলোচনান্তে বাঞ্ছারামপুর উপজেলায় বরাদ্দ বৃদ্ধির লক্ষে জেলা সার বীজ মনিটরিং কমিটি বরাবর প্রস্তাব প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়	১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপজেলা কৃষি অফিসার

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (একি মিত্র চাকমা)
 উপজেলা নির্বাহী অফিসার
 সভাপতি
 উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
 বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং ১২.১৮.১২০৪.০৪১.০৮.০০৮.২১/ ৬৩২

তারিখঃ ৩০/১০/২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলোঃ

- ১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- ২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।
- ৪। উপজেলা ----- অফিসার, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।
- ৫। চেয়ারম্যান ----- ইউপি।
- ৬। অফিস নথি।



মোঃ নাসির উদ্দিন
উপজেলা কৃষি অফিসার
ও

সদস্য সচিব
উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।